

পঞ্চগড়ে সন্ত্রাসীরা গুঁড়িয়ে দিয়েছে গ্রামের একটি স্কুলঘর

পঞ্চগড় থেকে এস. এ. মাহমুদ সেলিম : পঞ্চগড় জেলায় সীমান্ত সংলগ্ন ঠাকুরগাঁওয়ের পল্লীতে ক্ষমতাসীন দলের এক চেয়ারম্যানের নেতৃত্বে সশস্ত্র সন্ত্রাসীরা এবার প্রকাশ্যে দিবালোকে একটি স্কুল লুটপাট করে ভেঙে গুঁড়িয়ে দিয়েছে। ঘটনাটি ঘটেছে গত ৯ই মে পঞ্চগড়ের বোদা উপজেলার পাঁচপীর ইউনিয়ন সংলগ্ন ঠাকুরগাঁও সদর উপজেলার সুখানপুখুরীতে।

ঘটনার প্রত্যক্ষদর্শীরা জানান, ওইদিন ভোর ঠাকুরগাঁওয়ের পাঁচপীর ইউনিয়নের সরকার দলীয় সমর্থক ইউপি চেয়ারম্যান হাজী আফাজ উদ্দীন ভূঁইয়ার নেতৃত্বে একদল অস্ত্রধারী সুখানপুখুরী নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ে টিনের ছুঁনি আসবাবপত্র, টেবিল, বেঞ্চ ও বেড়া লুটপাট করে নিয়ে যায়। তারা কেবল লুটপাট করেই ক্ষান্ত হয়নি, বিদ্যালয়ের ভিটামাটি কোদালের ঘায়ে সমান করে দিয়ে গেছে। সেইসঙ্গে সাবেক সাংসদ রমেশ চন্দ্র সেনের প্রতিস্থাপিত ভিত্তি প্রস্তরটিও ভেঙে চূরমার করে এলাকাবাসীকে এ বলে শাসিয়ে যায় যে, ওই জায়গায় আর যেন বিদ্যালয় ঘর না ওঠে। এ ঘটনায় সুখানপুখুরী ও পাঁচপীর ইউনিয়নের ইসলামপুর গ্রামের মানুষজনের মধ্যে আতঙ্ক বিরাজ করছে। এদিকে ঘটনার ২ দিন অতিবাহিত হলেও পুলিশ প্রশাসন ঘটনাস্থলে পৌঁছেনি।

বিদ্যালয় কমিটি ও এলাকাবাসী সূত্রে জানা গেছে সুখানপুখুরীর গ্রামের একই স্থানে ৫০ গজের মধ্যে ২টি মাধ্যমিক বিদ্যালয় প্রতিষ্ঠা নিয়ে দীর্ঘদিন ধরে বালিয়া ইউপির চেয়ারম্যানের সঙ্গে আক্রান্ত স্কুলটির ম্যানেজিং কমিটির বিরোধ চলে আসছিল। সুখানপুখুরী বিদ্যালয়টি ৯৯ সালে পাঠদানের অনুমতি

পেলেও অন্য বিদ্যালয়টি অনুমতি পায়নি। বর্তমানে এ নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ে ২ শতাধিক ছাত্রছাত্রী রয়েছে বলে শিক্ষক ও অভিভাবক মহল জানান। জানা গেছে, সন্ত্রাসীরা সরকারি দলের মদদপুষ্ট হওয়ায় ওই ঘটনায় বিদ্যালয় কমিটি ভয়ে গতকালও ঠাকুরগাঁওয়ে অভিযোগ দায়ের করতে পারেনি। স্থানীয়রা জানায়, ক্ষমতাসীন দলের ওই চেয়ারম্যান সন্ত্রাসীদের সহযোগিতায় অন্য বিদ্যালয়টিকে প্রতিষ্ঠা করতে এ ঘটনা ঘটিয়েছে।